গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [১.১.১] সূচক বাস্তবায়নের অংশ হিসাবে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণ সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আঃ খালেক মল্লিক<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব ) |
| সভার তারিখ | ১৯ ডিসেম্বর, ২০২৩ |
| সভার সময় | দুপুর ১২.০০ টা |
| স্থান | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম |
| উপস্থিতি | রেকর্ডেড |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ সভায় পেট্রোবাংলা, বিপিআই, জিএসবি, হাইড্রোকার্বন ইউনিট খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো’র সেবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ, যুগ্মসচিব (জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ), উপসচিব (জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ), বিসিএমসিএল, এমজিএমসিএল প্রতিনিধি, এভারলাস্ট মিনারেলস লিমিটেডসহ বিএমডির সিলিকাবালু কোয়ারি ইজারাদারগণ উপস্থিত ছিলেন।

২.০ সভাপতির অনুমতিক্রমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ সম্পর্কে আলোকপাত করেন। তিনি অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত তিন ধরনের সেবার বিষয়ে অংশীজনদেরকে অবহিত করেন। তিনি বলেন, বিএমডির সংশ্লিষ্ট সেবায় সন্তুষ্ট না হলে যে কেউ অনলাইনে বা অফলাইনে অনিক বরাবর অভিযোগ দায়ের করতে পারেন। সেক্ষেত্রে অভিযোগ দায়েরের পর সাধারনত ৩০ কার্যদিবসের মধ্যে এবং তদন্তের প্রয়োজন হলে আরো ১০ কার্যদিবসের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করা হয়। বিস্তারিত আলোচনা শেষে অংশীজনদের মতামত জানতে চাওয়া হলে একজন ইজারাদার তার অভিযোগের কথা বললে সভাপতি তাকে নির্ধারিত ফরমে অভিযোগ দায়ের করতে বলেন। এছাড়াও তিনি সকল অংশীজনদের বিএমডির সেবা নিয়ে কোন অভিযোগ থাকলে সে বিষয়ে একইভাবে নির্ধারিত ফরমে অভিযোগ দায়ের করতে অনুরোধ জানান।

৩.০ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব মিজানুর রহমান বলেন অভিযোগ না পাওয়ার অনেকগুলো কারণ থাকতে পারে যেমন, এই রকমের যে একটি প্লাটফর্ম আছে হয়তো এটা জানাতে আমরা ব্যর্থ, বিষয়টি সম্পর্কে সকলকে জানানোর ব্যাপারে গুরুত্বারোপ করেন তিনি। তিনি আরও বলেন সরকারের অষ্টম বার্ষিক কর্মপরিকল্পনা, রুপকল্প বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার একটি স্তম্ভ হলো অভিযোগ প্রতিকার ব্যবস্থা, এগুলোকে যত সুসংহত করা যাবে দেশ উন্নয়নের দিকে অগ্রসর হবে।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১. অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে অংশীজনদের অবহিত করতে হবে।
২. অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়ন করতে হবে।
৩. কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অভিযোগ দাখিল করতে চাইলে নির্ধারিত মাধ্যম অর্থাৎ যথাযথ ফরমে সরাসরি বা ই-মেইলে অথবা www.grs.gov.bd এর মাধ্যমে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২-০১-২০২৪
মোঃ আঃ খালেক মল্লিক
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব )
+৮৮০২৮৩৯১৫৬৭
dg@bomd.gov.bd

তারিখ: ১৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০২ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৭.০০০০.০০৪.২৭.০০৪.১২(অংশ-২).২

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৫। মহাপরিচালক (যুগ্মসচিব), মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ;
৭। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ;
৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট;
৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার;
১০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ;
১১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর;
১২। যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
১৩। উপসচিব, অপারেশন-৩ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
১৪। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;
১৬। জেনারেল ম্যানেজার, এভারলাস্ট মিনারেল্স লিমিটেড;
১৭। জনাব মোঃ মিজানুর রহমান/ জনাব মোঃ শফিকুল ইসলাম/ জনাব সেলিম আহমেদ/ জনাব মোঃ সালেক মিয়া/ জনাব মোঃ পারভেজ হোসেন, সিলিকাবালু কোয়ারি ইজারাদার, হবিগঞ্জ, সিলেট এবং;
১৮। প্রোপাইটর জনাব মোঃ গোলাম কিবরিয়া, বাংলাদেশ এগ্রো সিরামিক কোম্পানি লি. এবং
১৯। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।।

০২-০১-২০২৪
প্রকৌঃ ফারজানা হক
সহকারী পরিচালক (খনি প্রকৌশল)